# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 23 April, 2025

চট্টগ্রামের সীতাকুণ্ড-সন্দ্বীপ রুটে ফেরি চলাচল বুধবার (২৩ এপ্রিল) থেকে বন্ধ হওয়ার ঘোষণা দিলেও আপাতত বন্ধ হচ্ছে না।যতদিন চলাচলের উপযোগী থাকবে, ততদিন এই রুটে সেবা দেবে ফেরি কপোতাক্ষ।আগামী সপ্তাহেই রুটটিতে যুক্ত হতে পারে সি-ট্রাকও।

এখনই ফেরি চলাচল বন্ধ না হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন সন্দ্বীপ উপজেলা নির্বাহী কর্মকর্তা রিগ্যান চাকমা।

তিনি জানান, আজ থেকে ফেরি বন্ধ থাকার বিষয়টি আমাকে অবহিত করা হয়েছিল। তবে এখনই ফেরি চলাচল বন্ধ হচ্ছে না। উপদেষ্টা মহোদয় সামাজিক যোগাযোগ মাধ্যমে তা জানিয়ে দিয়েছেন। আগের মতোই সীতাকুণ্ডের বাঁশবাড়িয়া থেকে সন্দ্বীপের গুপ্তাছড়া ঘাটে চলাচল করবে।

বুধবার থেকেই এই রুটে ফেরি চলাচল বন্ধের সিদ্ধান্তের কথা জানিয়েছিলেন বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশনের কর্মকর্তারা। তখন জানানো হয়েছিল, এই রুটে সি-ট্রাক যুক্ত করতে জুন পর্যন্ত অপেক্ষা করতে হবে।ততদিন এই রুটটি কার্যত অচল থাকবে।

ফেরি বন্ধের ঘোষণায় সন্দ্বীপের মানুষের ব্যাপক প্রতিক্রিয়ার পর মঙ্গলবার বিকেলে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান ফেসবুকে পোস্ট দিয়ে উল্লেখ করেন, 'ফেরি বন্ধের সিদ্ধান্ত এখনো হয়নি।'

এর আগে গত বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশনের পরিচালক (বাণিজ্য) এস

এম আশিকুজ্জামান জানিয়েছিলেন, এই রুটে পরিষেবা বন্ধ করে ফেরি কপোতাক্ষকে চাঁদপুরের অভ্যন্তরীণ রুটে ফিরিয়ে নেওয়া হবে।জুন মাসে সি-ট্রাক এনে রুটটি পুনরায় সচল করার কথাও বলেন তিনি।

ফেরি বন্ধের ঘোষণা আসার পর এই সিদ্ধান্তের বিরোধিতা করে সন্দ্বীপের বিভিন্ন সংগঠন। মঙ্গলবার তারা চট্টগ্রাম ও সন্দ্বীপে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালন করেন।এ অবস্থায় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান ওইদিন বিকেলে ফেসবুকে ফেরি চালু থাকার সিদ্ধান্তের কথা জানান।

গত ২৪ মার্চ চট্টগ্রামের সীতাকুণ্ড থেকে সন্দ্বীপে ফেরি চলাচল শুরু হয়।চট্টগ্রামের বিচ্ছিন্ন দ্বীপ উপজেলাটির সর্বস্তরের মানুষের মধ্যে ফেরি চলাচল ব্যাপক উৎসাহের সূচনা করে।পরিবর্তন নিয়ে আসে ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক কর্মকাণ্ডে।উদ্বোধনের এক মাসের মাথায় ফেরি চলাচল বন্ধের খবরে হতাশা ও ক্ষোভ প্রকাশ করেন সন্দ্বীপের বাসিন্দারা।

চট্টগ্রাম সীতাকুণ্ড-সন্দ্বীপ নৌ-পরিবহন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:57

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758071289